



আমি নাহ থাকলে ইসরায়েলের অস্তিত্ব থাকত নাহ: ট্রাম্প



ছবি: সংগৃহীত

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইসরায়েলের নিরাপত্তা ও টিকে থাকার পেছনে তার ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি সক্রিয়ভাবে এগিয়ে না এলে দেশটি অনেক আগেই মারাত্মক সংকটে পড়তে পারত। খবর দ্য টেলিগ্রাফের।

জি-৭ সম্মেলনের সময় কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির সঙ্গে আলোচনায় ট্রাম্প এসব কথা বলেন।

তিনি বলেন, ইসরায়েলের পক্ষে দৃঢ় অবস্থান নেওয়ার ক্ষেত্রে তার প্রশাসন যে পদক্ষেপ নিয়েছে, তা অন্য কোনো মার্কিন প্রশাসন নিতে আগ্রহ দেখায়নি। এ কারণেই তিনি মনে করেন, তার সম্পৃক্ততা ইসরায়েলের জন্য নির্ধারক ভূমিকা রেখেছে।

লেবানন প্রসঙ্গেও কথা বলেন ট্রাম্প। তিনি ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহকে সতর্ক করে বলেন, অতিরিক্ত সামরিক তৎপরতা চলতে থাকলে চলমান শান্তি উদ্যোগ বাধাগ্রস্ত হতে পারে।

লেবাননের অতীত স্মরণ করে ট্রাম্প বলেন, দেশটি একসময় শিক্ষা, পেশাগত দক্ষতা এবং মেধাবী জনশক্তির জন্য বিশেষভাবে পরিচিত ছিল। তবে বর্তমান পরিস্থিতি সেই অবস্থান থেকে অনেক দূরে সরে গেছে।

এর আগে নেতানিয়াহর সঙ্গে এক টেলিফোন আলাপেও কিছু বিষয়ে অসন্তোষ প্রকাশ করেছিলেন ট্রাম্প। সে সময় ইসরায়েলি প্রধানমন্ত্রীর কয়েকটি সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তোলেন তিনি।